

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-৩২

তারিখঃ ২৬.১০.১৪২১ বঙ্গাব্দ  
০৫.০২.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ কামরুল হুদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ গত ০১.০৪.২০১২খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৮.০২.২০১৩খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-২৩৩নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ৩১.১২.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-১০৪৬নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৭.১১.২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৩০.২০১৪-৩৮৪নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০১.০২.২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ কামরুল হুদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১.০৪.২০১২খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-

তারিখঃ ০৫.০২.২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিভিল সার্জন, মানিকগঞ্জ।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ কামরুল হুদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ (স্থায়ী ঠিকানাঃ-গ্রাম+ডাকঘর-বাইখাখালী, উপজেলা-পেকুয়া, জেলা-কক্সবাজার)।

(রেজানা ইয়াছমিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)